উপজেলা পরিষদ কার্যালয়

দুপচাঁচিয়া, বগুড়া।

সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ মোঃ ফজলুল হক প্রামানিক
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ ।

তারিখ ঃ ২৬/০৯/২০২৩ খ্রিঃ।

সময় ঃ বেলা ১০.০০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ঠ ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত আগস্ট/২৩ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত জুলাই/২৩ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব আছে কি-না তা জানানোর জন্য অনুরোধ করেন । গত আগস্ট/২৩ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হয়। অতঃপর আলোচ্য সূচি মোতাবেক আলোচ্য মাসের বিষয় ভিত্তিক অনুযায়ী বিভিন্ন দপ্তরের মাসের বিভাগওয়ারী আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, হাসপাতালে বহিঃ বিভাগে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে আই ভিশন সেন্টার খোলা হয়েছে যেখানে গরীব রোগীদের বিনামূল্যে চক্ষুরোগের চিকিৎসাসহ চশমা প্রদান এবং বিনামূল্যে অপারেশনের জন্য শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসাপাতলে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>বহিঃ বিভাগে টেলিমেডিসিন সেবা চালু করা হয়েছে যার মাধ্যমে অনলাইন বিশেষজ্ঞ ডাক্তারের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে।<br>উক্ত দুইটি পরিক্ষা মূলক চলমান সেবাই অচিরেই মাননীয় প্রধান মন্ত্রী শুভ উদ্বোধন ঘোষনা করবেন।<br>দুপচাঁচিয়া উপজেলার ২৫টি কমিউনিটি ক্লিনিকে সপ্তাহে ০২দিন (শনিবার ও মঙ্গলবার)জরায়ু মুখে ক্যান্সার স্তন ক্যান্সার পরীক্ষার জন্য ভিআইএ ক্যাম্প পরিচালিত হচ্ছে এবং একই সঙ্গে মিড ওয়াইফ দ্বারা উক্ত ০২দিনে গর্ভবতী মায়েদের এএনসি এবং পিএনসি সেবা প্রদান করা হচ্ছে।<br>রেডিওলজি বিভাগে কোন এম.টি না থাকায় ০২১ দিন (রবিবার বুধবার) নিজস্ব ব্যবস্থাপনায় এক্স রে সেবা চালু করা হয়েছে।<br>হাসপাতালের প্রবেশ পথের গেট নির্মাণ সম্পন্ন হয়েছে। জনগণের চলাচলের জন্য গেটটি খুলে দেয়ার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br>স্যানিটারী ইন্সপেক্টও নিয়মিত ইউনিয় পর্যায়ের হাট বাজার পরিদর্শন করেন।<br>অনিবন্ধিত ক্লিনিক সমূহ পুনরায় তদারকি বাড়ানোর উদ্দেশ্যে জরুরী ভিত্তিতে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত নেয়া প্রয়োজন।<br>**উপজেলা পরিষদ হইতে প্রাপ্ত কুকুর কামড়ানো প্রতিষেধক র‍্যাবিস ভ্যাকসিন শেষ হওয়ায় সেবাটি বন্ধ আছে। এমতাবস্থায় সেবাটি পুনরায় চালু করার জন্য উপজেলা পরিষদের এডিপি হতে র‍্যাবিস ভ্যাকসিন সরবরাহ করার প্রস্তাব করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে চিকিৎসা সেবার ক্ষেত্রে কেউ যেন হয়রানীর শিকার না হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হলো।<br>কমিউনিটি ক্লিনিকগুলোতে পরিদর্শন কার্যক্রম বাড়ানোর পদক্ষেপ নিতে অনুরোধ করা হলো।<br>**উপজেলা পরিষদের এডিপি হতে কুকুর কামরানো র‍্যাবিস ভ্যাকসিন উপজেলা স্বাস্থ ও পঃ পঃ অফিসে সরবরাহের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। উক্ত কাজটি আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসসম্মতিক্রমে গৃহিত হলো।**<br>বিভিন্ন হোটেল এবং মুদি দোকানে মেয়াদ উর্ত্তীণ পন্য বিক্রয় বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার<br>এবং<br>উপজেলা প্রকৌশলী<br>চেয়ারম্যান<br>সকল ইউপি |

31

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | দুপচাঁচিয়া বাজারে অবস্থিত বিভিন্ন হোটেল এবং মুদি দোকানে মেয়াদ উর্ত্তীণ পন্য বিক্রয় হচ্ছে বিধায় জরুরী ভিত্তিতে খাদ্য পরীক্ষা করার জন্য পূর্বের ন্যায় মোবাইল কোর্ট করা প্রয়োজন।<br>হাসপাতালের সামনে বিভিন্ন ফার্মেসীতে পল্লী চিকিৎসকগণ বিশেষজ্ঞ ডাক্তার হিসেবে পরিচয় দিয়ে নিয়মিত চিকিৎসা প্রদান করছেন। তা মোবাইল কোর্টের মাধ্যমে বন্ধ করা একান্ত প্রয়োজন।<br>আগস্ট/২৩ মাসের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যে স্বাস্থ্য সেবা দেয়া হয়, তাঁর তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো ঃ- আন্তঃ বিভাগ ৮৮৯ জন, জরুরী ১৩৯৭ জন, বহিঃ বিভাগ ১১৯৬১ জন, কমিউনিটি ক্লিনিকে ২২০২২ জন রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে। এ ছাড়াও জরুরী বিভাগে বিষপানজনিত রোগীর সেবা দেয়া হয়েছে ৪৪ জন। আন্তবিভাগে বেড অকুপেনসী ১১৩.০৭%। ইপিআই লক্ষ্যমাত্রা ১০০% কভারেজ। হাসপাতাল কমিউনিটি ক্লিনিক ও স্কুলে স্বাস্থ্য শিক্ষা প্রদান ১৫৪৫৭ জন। আগস্ট/২৩ মাসে মাতৃ মৃত্যু ০১ জন, শিশু মৃত্যু ০৩। ল্যাবরেটরীতে ৪৮৭ জন সন্দেহজনক যক্ষা রোগীর কফ পরীক্ষা করা হয়<br>২১ জন যক্ষা রোগী সনাক্ত করা হয়। সনাক্তকৃত যক্ষা রোগীদের বিনামূল্যে ঔষধসহ চিকিৎসা সেবা প্রদান করা হয়। | বিভিন্ন ফার্মেসীতে যে সকল পল্লী চিকিৎসকগণ বিশেষজ্ঞ ডাক্তার হিসেবে পরিচয় দিয়ে নিয়মিত চিকিৎসা প্রদান করছেন তাদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কাছে দাখিল করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | |
| ০২ | উপজেলা প্রকৌশলী | <u>আলোচনা-১</u><br>২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর ১ম কিস্তিতে =১৭.৮৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। স্থানান্তরিত স্থানীয় (এডিপি) ১,১৮,৮০,৭১১/- একুনে সর্বমোট= (১৭,৮৬,০০০+ ১,১৮,৮০,৭১১) =১,৩৬,৬৬,৭১১/- টাকা। উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী এডিপি'র বরাদ্দকৃত টাকার ৩০% অর্থ যার প্রতিটি প্রকল্প অনধিক ২.০০ লক্ষ টাকার মধ্য সীমাবদ্ধ রেখে সর্বমোট =৪১,০০,০০০/- (একচল্লিশ লক্ষ) টাকার মধ্য হতে =৩৩,৫০,০০০/- (তেত্তিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার পিআইসি প্রকল্প গত ২১/০৮/২০২৩ তারিখে চূড়ান্তভাবে অনুমোদিত হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি'র) পিআইসি =(৪১,০০,০০০-৩৩৫০০০০) = ৭,৫০,০০০/-টাকা (অবশিষ্ট) এর মধ্যে জনস্বার্থে দুপচাঁচিয়া সদর ইউনিয়ন পরিষদকে (১) বড় নিলাহালী গ্রামে মসজিদ হতে আজাহারের বাড়ী পর্যন্ত পুকুরে গাইড ওয়াল নির্মাণ ও ইট সোলিং বাবদ =১৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং চেয়ারম্যান, গুণাহার ইউনিয়ন পরিষদ কে জনস্বার্থে (২)বাজারদিঘী হাট জামে মসজিদ হইতে দক্ষিন দিকে রাস্তায় ইট সোলিংকরণ বাবদ =১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার পিআইসি প্রকল্প ০২টি 'পরিশিষ্ট খ' তে যা চূড়ান্তভাবে অনুমোদনের জন্য অত্র সভায় প্রস্তাব পেশ করেন।<br><u>আলোচনাঃ০২</u><br>সভাপতি জানান যে, ২২/০৫/২০২২ তারিখে 'দৈনিক আমাদের সময়' পত্রিকায় প্রকাশিত এডিপি'র e- Tender Notice no: 07/2021-2022 তারিখঃ ১৯/০৫/২০২২ এর বিজ্ঞপ্তি বিল মোট =৩১,০৫০/- (একত্রিশ হাজার পঞ্চাশ) টাকা বকেয়া রয়েছে, একই তারিখে ২২/০৫/২০২২ তারিখে 'DHaka Tribune' পত্রিকায় প্রকাশিত এডিপি'র e-Tender Notice no: 07/2021-2022 তারিখঃ ১৯/০৫/২০২২ এর বিজ্ঞপ্তি বিল মোট =১৪৩৫২/- (চৌদ্দ হাজার | <u>সিদ্ধান্তঃ০১</u><br>সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি হতে (পরিশিষ্ঠ খ) তে উল্লেখিত (১) বড় নিলাহালী গ্রামে মসজিদ হতে আজাহারের বাড়ী পর্যন্ত পুকুরে গাইড ওয়াল নির্মাণ ও ইট সোলিং বাবদ =১৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ২) বাজারদিঘী হাট জামে মসজিদ হইতে দক্ষিন দিকে রাস্তায় ইট সোলিংকরণ বাবদ =১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার পিআইসি প্রকল্প ০২(দুই)টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হলো<br><u>সিদ্ধান্ত-০২</u><br>২২/০৫/২০২২ তারিখে 'দৈনিক আমাদের সময়' পত্রিকায় প্রকাশিত এডিপি'র e- Tender Notice no: 07/2021-2022 তারিখঃ ১৯/০৫/২০২২ এর বিজ্ঞপ্তি বিল | সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ইউপি চেয়ারম্যান (সকল) সংশ্লিষ্ট বিভাগ ও প্রকল্প সভাপতি/ সেক্রেটারী গণ |

| ক্রম নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | তিনশত বাহান্ন) টাকা বকেয়া রয়েছে। উল্লেখিত পত্রিকার বিজ্ঞাপন ম্যানেজার কর্তৃক বিলগুলো দাখিল করা হয়েছে।<br>০৫ এপ্রিল ২০২৩ তারিখে 'দৈনিক কালবেলা' পত্রিকায় প্রকাশিত এডিপি'র e- Tender Notice no: 07/2022-2023 তারিখঃ ০৪/০৪/২০২৩ এর বিজ্ঞপ্তি বিল মোট =২৪৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা বকেয়া রয়েছে, এবং একই তারিখে ০৫/০৪/২০২৩ তারিখে DHaka Tribune পত্রিকায় প্রকাশিত এডিপি'র e-Tender Notice no: 07/2022-2023 তারিখঃ ০৪/০৪/২০২৩ এর বিজ্ঞপ্তি বিলের মোট =১৩,২০০/- (তের হাজার দুইশত) বকেয়া রয়েছে। উল্লেখিত পত্রিকার বিজ্ঞাপন ম্যানেজার কর্তৃক বিলগুলো দাখিল করা হয়েছে। বিলগুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহারের নির্দেশিকা ২০২০ এর ৩ ঢ নং অনুচ্ছেদ মোতাবেক সংবাদপত্রের বিজ্ঞপ্তি বিল হিসেবে প্রদান করার প্রস্তাব করেন।<br><br>আলোচনা-৩<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ ম্যানুয়েল এর ১০৩ নং পৃস্টায় ৬ (১) উপজেলা পরিষদ সমূহ ২. ঘ অনুচ্ছেদের ১ম উপ-অনুচ্ছেদে বর্ণিত ব্যতিক্রম সাপেক্ষে ২ উপ-অনুচ্ছেদ মতে খাতভিত্তিক ১ এর (খ) নং অনুচ্ছেদে মৎস্য ও প্রাণী সম্পদ ৫% হতে ১০% টাকা ব্যয় করা যাবে। মৎস্য খাতে পুকুর খনন ও মজাপুকুর সংস্কার করা যাবে।<br>এমতাবস্থায়, আটগ্রাম মৌজায় ২৫৯৫/৪৫৪৭ দাগে এক একর আশি শতক এবং পাওগাছা মৌজায় ৭৫৭/১৩৩১ দাগে এক একর একচল্লিশ শতক মোট ০২টি সরকারী খাস পুকুর ভরাট হওয়ার কারণে ইজারা দেয়া সম্ভব হচ্ছে। এতে সরকার রাজস্ব হারাচ্ছে। সরকারের রাজস্ব বাড়ানোর স্বার্থে উপজেলা পরিষদের এডিপি হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে প্রাক্কলন প্রস্তুত করে উল্লেখিত ০২টি পুকুর সংস্কার করার প্রস্তাব করেন। | =৩১,০৫০/- (একত্রিশ হাজার পঞ্চাশ) টাকা, ২২/০৫/২০২২ একই তারিখে DHaka Tribune পত্রিকায় e-Tender Notice no: 07/2021-2022 তারিখঃ ১৯/০৫/২০২২ এর বিজ্ঞপ্তি বিল =১৪৩৫২/- (চৌদ্দ হাজার তিনশত বাহান্ন) টাকা এবং ০৫ এপ্রিল ২০২৩ তারিখে 'দৈনিক কালবেলা' পত্রিকায় প্রকাশিত এডিপি'র e- Tender Notice no: 07/2022-2023 তারিখঃ ০৪/০৪/২০২৩ এর বিজ্ঞপ্তি বিল =২৪৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা, একই ০৫/০৪/২০২৩ তারিখে DHaka Tribune পত্রিকায় প্রকাশিত এডিপি'র e-Tender Notice no: 07/2022-2023 তারিখঃ ০৪/০৪/২০২৩ এর বিজ্ঞপ্তি বিলের মোট =১৩,২০০/- (তের হাজার দুইশত) টাকা পত্রিকা বিলগুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহারের নির্দেশিকা ২০২০ এর ৩ (ঢ) নং অনুচ্ছেদ মোতাবেক সংবাদপত্রের বিজ্ঞপ্তি বিল প্রদান করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হলো।<br>সিদ্ধান্ত-৩<br>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থানীয় এডিপি/উন্নয়ন তহবিল হতে আটগ্রাম মৌজায় ২৫৯৫/৪৫৪৭ দাগে এক একর আশি শতক এবং পাওগাছা মৌজায় ৭৫৭/১৩৩১ দাগে এক একর একচল্লিশ শতক মোট ০২টি সরকারী খাস পুকুর সংস্কারের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হলো এবং উক্ত কাজটি দ্রুত আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | সভাপতি,<br>উপজেলা নির্বাহী অফিসার,<br>উপজেলা প্রকৌশলী,<br>ইউপি চেয়ারম্যান (সকল)<br>সংশ্লিষ্ট বিভাগ ও প্রকল্প সভাপতি/ সেক্রেটারী গণ |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার | তিনি জানান যে, চলতি রোপ আমন মৌসুমে অত্র উপজেলায় ১১৬৫০ জমিতে রোপা আমন মৌসুমে অত্র উপজেলায় ১১৬৫০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যে ১১৭০০ হেক্টর জমিতে রোপা আমন ধানের চারা রোপন সম্পন্ন হয়েছে। ধানের আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br>চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে চলতি মৌসুমে বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলতি রোপা আমন মৌসুমে আমন ধানের ফলন বৃদ্ধিতে আধুনিক প্রযুক্তি ব্যবহারে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>আলুর বাজার নিয়ন্ত্রনে সজাগ দৃস্টি রাখতে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সারের মজুদঃ ইউরিয়া-৪৮০মেঃ টন, টিএসপি ২০০ মেঃ টন, এমওপি -১৭০ মেঃ টন,ডিএপি -৪৩০ মেঃ টন। | | |
| ০৪ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার | তিনি জানান যে, র‍্যাবিস ভ্যাকসিন ক্রয়ে এডিপি হতে বরাদ্দ প্রদান করায় প্রাণী সম্পদ দপ্তর দুপচাঁচিয়া বগুড়া এর পক্ষ থেকে উপজেল পরিষদ দুপচাঁচিয়াকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা করেন।<br>গত মাসে উপজেলা প্রাণী সম্পদ ও ভেটেরিনারী হাসপাতালে ২৭২০ টি গবাদি প্রাণী ও ১৬৩০২ টি হাঁস মুরগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ২৬৫৮টি গবাদি পশু ও ৭৪২০০ টি হাঁস মুরগীকে টিকা প্রদান করা হয়। কৃত্রিম প্রজনন ও ভ্যাকসিন ফি ও খামার রেজিষ্টেশন বাবদ ৯৫৮১০/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়ছে।<br>এছাড়াও ক্ষুরারোগের প্রার্দুভাব দেখা দেয়ায় সচেতনতামূলক উঠান বৈঠক, ফ্রি ভেটেরিনারী মেডিক্যাল ক্যাম্প এবং প্রাণী পুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ঘাসের কাটিং বিতরণ কার্যক্রম চলমান।<br>এছাড়াও পিপিআর গে প্রতিরোধে পিপিআর ও ক্ষুরারোগে নির্মুল প্রকল্পের আওতায় পিপিআর ভ্যাক্সিন সরবরাহ করা হয়েছে। প্রদত্ত ভ্যাক্সিন শীঘ্রই ভ্যাক্সিনেশন ক্যাম্পর মাধ্যমে ইউনিয়ন ভিত্তিক প্রদান করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে গবাদি প্রাণীর ক্ষুরারোগের প্রার্দুভাব দেখা দেয়ায় সচেতনতামূলক উঠান বৈঠক, ফ্রি ভেটেরিনারী মেডিক্যাল ক্যাম্প সচেতনতামূলক উঠান অব্যাহত রাখার অনুরোধ করা হলো।<br>এছাড়াও খামার পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিসার | তিনি জানান যে, দুপচাঁচিয়া সরকারী বালিকা বিদ্যালয়ে ০১টি কক্ষের ছাঁদের টুকরা ভেঙ্গে একটি ছাত্রী আহত হয়। এটি দ্রুত মেরামত করার প্রস্তাব করেন।<br>শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। স্লিপ, রুটিন মেইনটেন্স এর কাজ চলমান রয়েছে।<br>ক্ষুদ্র মেরামত এবং প্লেয়িং এক্সেসরিজ এর কাজ চলমান। | সভায় বিস্তারিত আলোচনান্তে দুপচাঁচিয়া সরকারী বালিকা বিদ্যালয়ে উক্ত কক্ষটি দ্রুত মেরামত করার সিদ্ধান্ত গৃহিত হলো।<br>প্রত্যেকটি বিদ্যালয়ের মেরামত কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে তদারকি কার্যক্রম বাড়ানোর পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হলো। | সভাপতি ও উপজেলা প্রকৌশলী উপজেলা শিক্ষা অফিসার |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | তিনি জানান যে, ৫০তম গ্রীষ্পকালীন ক্রীড়া প্রতিযোগিতা ০৯-১২ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে।<br>এইচএসসি/এইচএসসি (বিএম) ২০২৩ এর লিখিত পরীক্ষা ২৫/০৯/২০২৩ তারিখে এবং আলিম পরীক্ষা ০৮/১০/২০২৩ তারিখে শেষ হবে।<br>মাধ্যমিক শিক্ষা অফিসের নিরাপত্তা প্রহরী জনাব মোঃ সিরাজুল ইসলাম গত ৩০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহী রাজিউন) | সভায় বিস্তারিত আলোচনান্তে<br>শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম বাড়ানোর উদ্দ্যোগ গ্রহণ করতে অনুরোধ করা হলো।<br>শিক্ষা প্রতিষ্ঠানের মা সমাবেশেসহ জনপ্রতিনিধিদের সংযুক্ত করতে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মৎস্য অফিসার | তিনি জানান যে নাগর নদীতে অভিযান চালিয়ে ০৬টি চায়না দুয়ারী জাল আটক করা হয়।<br>খ) রাজশাহী বিভাগের মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীনে মৎস্য চাষি নিবন্ধন কার্যক্রম শুরু করা হয়েছে।<br>গ) উপজেলার ব্যক্তি মালাকানধীন ১৫ জন চাষির পুকুরের পানি পরীক্ষাসহ বিভিন্ন সমস্যা সমাধানের পরামর্শ প্রদান ও মোবইল এ্যাপস এর মাধ্যমে পরামর্শ প্রদান করা হয়।<br>ঘ) আগামী ১২ অক্টোবর হতে ২ নভেম্বর পর্যন্ত মোট ২২ দিন ইলিশ সংরক্ষন অভিযান এ সময় সারাদেশে ইলিশ আহরণ পরিবহন,ক্রয় বিক্রয় নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ এ আইন অমান্যকারীর বিরুদ্ধে ১ থেকে ২ বছরের সশ্রম কারাদন্ড অথবা ৫০০০/- হাজার টাকা জরিমান অথবা উভয়দন্ডে দন্ডিত করা যাবে।<br>জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন অনুষ্ঠানে মৎস্য চাষিদের বেশকিছু সমস্যার কথা জানান যে সমস্যাগুলো উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় আলোচনা হওয়া প্রয়োজন। বিশেষ করে খরা মৌসুমে পুকুরের পানির স্তর খুব নিচে নিমে যায় ফলে পুকুরে যে পরিমান পানি থাকা প্রয়োজন তা না থাকায় মাছের উৎপানদ বিঘ্ন হয় এবং মাছের বিভিন্ন রকম সমস্যা সৃস্টি হয়। এ সমস্যা হতে উত্তোরণের জন্য পুকুরে পর্যাপ্ত পরিমান পানি সরবরাহ করতে হয়। এ সময় তৎক্ষনাত বিদ্যুৎ ব্যবহার করে পুকুরে পানি সেচ দিয়ে থাকে। এ বিদ্যুৎ ব্যবহারের সময় বিদ্যুৎ বিভাগ হতে জরিমানাসহ বিভিন্নরকম সমস্যার সম্মুখীন হতে হয়। বর্তমান বছরে ও বৃষ্টির পরিমান খুবই কম ফলে আগামীতেও এরকম সমস্যা প্রকট আকারে ধারণ করতে পারে ফলে সমস্যাগুলো নিয়ে আলোচনা এবং আসু সমাধানের পথ খুজে বের করা প্রয়োজন।<br>পরিমান কম খুব কম ফলে আগামীতে এ রকম সমস্যা প্রকট আকারে ধারন করতে ফলে সমস্যাগুলো সমাধান করা প্রয়োজন।<br>মৎস্য চাষিদের আরও একটি দাবি ছিল তাদের পুকুরের মাছের কোন রকম রোগে আক্রান্ত বা অন্য কোন অসুবিধা দেখা দিলে পুকুরের পানি পরীক্ষা করতে হয় বর্তমান ডিজিটাল যুগে ডিজিটাল পদ্ধতিতে পানি ও মাটির গুনাগুন পরীক্ষার যন্ত্রপাতি পাওয়া যায় যা দ্বারা চাষিরা সহজেই পুকুরের পানি ও মাটির গুণাগুন পরীক্ষা করতে পারে। এ ক্ষেত্রে উপজেলা উন্নয়ন তহবিল হতে যন্ত্রপাতি ক্রয় করে চাষিদের মাঝে বিতরণ করা যেতে পারে। | খরা মৌসুমে পুকুরে বিদ্যুৎ ব্যবহার করে পানি সেচ এর বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br><br>ব্যাক্তিমালিকানাধীন পুকুর এবং মৎস্য চাষিদের পুকুর পরিদর্শন কার্যক্রম বাড়ানো এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে অনুরোধ করা হলো।<br>জেলেদের নিবন্ধনের বিষয়ে সংশ্লিষ্ট মেয়রদ্বয় এবং ইউপি চেয়ারম্যানদের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।<br>মৎস্যচাষীদের সমস্যা সমাধানের জন্য আগামীতে সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে একটি জরুরী সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহিত হলো। | মেয়র দুপচাঁচিয়া/ তালোড়া পৌরসভা, চেয়ারম্যান (সকল) উপজেলা মৎস্য অফিসার, নির্বাহী প্রকৌশলী নেসকো লিঃ, ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জুলাই/২৩ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৪৩৯৬ জন, মোট গ্রহণকারী ৩৬১৮৭ গ্রহণকারীর হার সিএআর ৮১.৫১% মোট গর্ভবতী ১০২৮ জন, গর্ভকালীন পরিচর্যা (এএনসি) ৫০১ জন, ডেলিভেরী ৩০ জন, প্রসবোত্তর পরিচর্যা (পিএনসি) ১২৪, সেবাপ্রাপ্ত শিশু ৮০৭ জন, সাধারণ রোগী ২৪২৯ জন, মোট জীবিত জন্ম ১২৫ জন, মোট মৃত্যু ৬২ জন, শিশু মৃত্যু ০০, মাতৃমৃত্যু ০০।<br>আবাসন প্রকল্পের প্রতিবেদনঃ এ মাসের গোবিন্দপুর ইউনিয়নের মোরগ্রাম আবাসন প্রকল্পের প্রতিবেদনঃ ব্যারাক সংখ্যা-০৭, হাউজের সংখ্যাঃ ৭০, জনসংখ্যাঃ ২৬৮, দম্পতি সংখ্যা ৬০ জন। মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৭ জন, সিএআর ৭৮.৩৩%। | দুপচাঁচিয়া মা ও শিশু কল্যাণ কেন্দ্রে বিনা মূল্যে ২৪ ঘন্টা নিরাপদ প্রসব সেবা প্রদান করা হচ্ছে এ বিষয়ে ব্যপক প্রচার ও প্রচারণা ও সেবা গ্রহীতাদের উদ্বুদ্ধকরণে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও চেয়ারম্যান (সকল) |
| ০৯ | উপজেলা সমাজ সেবা অফিসার | সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং শিক্ষা উপবৃত্তির টাকা জিটুপি পদ্ধতিতে পরিশোধ কার্যক্রম চলমান আছে।<br>সামাজিক নিরাপত্তার কর্মসূচির আওতায় ইউনিয়ন পরিষদ হতে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার প্রতিস্থাপনের জন্য সদর ইউনিয়ন থেকে তালিকা পাওয়া যায়।<br>প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে। এখন থেকে প্রতিমাসের শেষ বুধবার সকাল ৮.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত প্রতিবন্ধী জরিপ কার্যক্রম পরিচালিত হবে।<br>ক্যান্সার কিডনীসহ নির্ধারিত মোট ০৬টি রোগের জন্য দুপচাঁচিয়াতে আবেদন জমা গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে।<br>সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় পল্লী সমাজসেবা কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে।<br>মৃত ভাতা ভোগীর বিষয়ে লাইভ ভেরিভিকেশন করার যেতে পারে। | জিটুপি পদ্ধতিতে ভাতা দেয়ার ক্ষেত্রে কতিপয় প্রতারকচক্র বা নিকট আত্মীয় ভাতাভোগীর টাকা উত্তোলন করে নিচ্ছেন এ বিষয়ে ভাতাভোগীদের সচেতন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>মৃত ভাতা ভোগীর বিষয়ে লাইভ ভেরিভিকেশন করা সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br>নতুন আবেদন সমূহ জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়ায় প্রেরণ করতে হবে। | উপজেলা সমাজ সেবা অফিসার উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার মেয়রদ্বয় চেয়ারম্যান (সকল) |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | তিনি জানান যে, অত্র উপজেলা ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) জুলাই/২৩ সেপ্টেম্বর/২৩ মাসের খাদ্য বিতরণ চলমান রয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির চলমান রয়েছে প্রতিমাসে ২০ তারিখের মধ্যে অনলাইনের আবেদনের প্রেক্ষিতে ইউনিয়ন/পৌরসভা হতে প্রাপ্ত সুপারিশ যাচাই বাছাই অন্তে উপজেলা কমিটির মাধ্যমে অনুমোদন করা হচ্ছে। জিয়ানগর ইউনিয়ন বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে উপজেলা কমিটির সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক তিন সদস্যবিশিষ্ট কমিটি গঠন করে দেন ০১) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, আহ্বায়ক ০২) উপজেলা সমাজ সেবা অফিসার, সদস্য ০৩) উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সদস্য। যাতে সুষ্ঠুভাবে যাচাই বাছাই অন্তে উপকারভোগী নির্বাচিত হয়। এছাড়াও অন্যান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে তাঁর অফিসের সকল ভাতা কার্যক্রম সম্পর্কে ইউপি চেয়ারম্যানদের যথাসময়ে অবহিত করতে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>যাবে। ০৮টি কিশোর কিশোরী ক্লাব নিয়মিতভাবে চলছে যেখানে ২৪০ জন কিশোর কিশোরী রয়েছে। ইউনিয়ন চেয়ারম্যানদে উক্ত ক্লাবগুলো নিয়মিতভাবে পরিদর্শন করার জন্য অনুরোধ করা হলো।<br>দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>**ক) বোরো ধান/চাল সংগ্রহ কার্যক্রমঃ** চলতি বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে অত্র উপজেলায় ২৪২৩.০০০ মেঃ টন ধান, ১২৪১৯.৬৯০ মেঃ টন চাল সংগ্রহ করা হয়েছে। অত্র উপজেলায় ধান-চাল সংগ্রহ ১০০% শতভাগ সফল হয়েছে। ধান কৃষকের অ্যাপের মাধ্যমে/ম্যানুয়ালী এবং চাল খাদ্যশস্য ব্যবস্থাপনা সিস্টেম এর মাধ্যমে সংগ্রহ করা হয়েছে। ১৩০ জন মিলার চুক্তির মাধ্যমে উক্ত চাল সরবরাহ করছেন। গত ২১/০৯/২০২৩ খ্রিঃ তারিখ সংগ্রহ কার্যক্রম শেষ হয়েছে।<br>**খ) খাদ্যবান্ধব কর্মসূচিঃ** সুবিধাভোগীর সংখ্যা ৬৭৩৭ জন । অনলাইন ডাটাবেইজ সম্পন্ন কওে ৬৭১০ জন ভোক্তার মাঝে সরকারী নির্দেশনা অনুযায়ী সেপ্টেম্বর ও অক্টোবর/২৩ মাসের চাল একত্রে বিতরণ করা হয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচির ভোক্তা তালিকায় মৃত ভোক্তাদের তথ্যাদি হালনাগাদ করণের জন্য মৃত্যুবরণকারী ভোক্তাগণের মৃত্যু সংক্রান্ত তথ্যাদি ২৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে খাদ্য অফিসে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে পত্র দেয়া হয়েছে।<br>টিসিবি কর্মসূচিতে চাল বিতরণ<br>**গ) টিসিবি কর্মসূচিতে চাল বিতরণঃ** লটারীর মাধ্যমে কৃষক নির্বাচিত করে ধান সংগ্রহ কার্যক্রম চলমান আছে। এ পর্যন্ত ২৪২৩ মেঃ টন ধান সংগ্রহ হয়েছে। চাল সংগ্রহের লক্ষমাত্রা ১০৫৮৪.৯৯০ মেঃ টন। ১৩০ জন মিলার উক্ত চাল সরবরাহের জন্য চুক্তিবদ্ধ হয়ে চাল সরবরাহ করছেন। এ পর্যন্ত ১০১৫৮.৭৮০ মেঃ টন চাল সংগ্রহ হয়েছে। চাল সংগ্রহের শতকরা হার ৯৬%। চাল সংগ্রহ চলমান রয়েছে।<br><br>ঘ) ভিডাব্লিউবি কার্যক্রমঃ অত্র উপজেলায় জুলাই-সেপ্টেম্বর/২৩ মাসে টিসিবির পণ্যের সাথ্যে প্রতি ০৫কেজি করে চাল ৩০/- টাকা দরে ১১২৯৫ জন ভোক্তার জন্য ৫৬.৪৭৫ মেঃ টন সরবররাহ করা হয়েছে।<br><br>ঘ) সরকারি গুদামে মজুদঃ অত্র উপজেলায় দুপচাঁচিয়া ও তালোড়া এলএসডিতে চালের নিরাপত্তা মজুদ রয়েছে। মোট চালের মজুদ ১২৮৪০.২২৬ মেঃ টন, ধানের মজুদ ২৭.১৬৫ খালি বস্তা ২,৮৯,৫৫৮ পিস।<br><br>বাজার দর
<table>
<tr><th>পন্য</th><th>পাইকারী প্রতি কেজি</th><th>খুচরা প্রতি কেজি</th></tr>
<tr><td>ধান (মোটা)</td><td>২৮-২৯/</td><td>---</td></tr>
<tr><td>ধান (মাঝারি)</td><td>৩১-৩২/-</td><td></td></tr>
<tr><td>ধান (চিকন)</td><td>৩৩-৩৪/-</td><td></td></tr>
<tr><td>চাল (মোটা)</td><td>৪১-৪১.৫০</td><td>৪২-৪৩/-</td></tr>
<tr><td>চাল (মাঝারী)</td><td>---</td><td>৪৮-৫০/-</td></tr>
<tr><td>চাল (চিকন)</td><td>--</td><td>৫৬-৬০/-</td></tr>
</table>
</td><td>নতুন ভোক্তার ডাটাবেজ করার লক্ষ্যে দ্রুত তালিকা পাঠানোর জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।<br>বাজারে চাল, ডাল, আটাসহ সব ধরণের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম যৌক্তিক পর্যায়ে রাখতে এবং চাহিদা ও সরবরাহের প্রতি নজর রাখতে অনুরোধ করা হলো।<br>তার কার্যালয়ের সার্বিক কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>গম</td><td>---</td><td>৪০-৪২/-</td></tr>
<tr><td>আটা (খোলা)</td><td>---</td><td>৪৫-৪৬/-</td></tr>
<tr><td>আটা (প্যাকেট)</td><td>--</td><td>৪৬-৪৮/-</td></tr>
<tr><td>চিনি</td><td>---</td><td>১২৮-১৩০/-</td></tr>
<tr><td>লবণ (খোলা)</td><td>---</td><td>৩৮-৪০/-</td></tr>
<tr><td>সয়াবিন তেল (খোলা)</td><td>---</td><td>১৬৮-১৭০/-</td></tr>
<tr><td>সরিষা তেল (খোলা)</td><td>---</td><td>১৭০-১৮০/-</td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td><td>তিনি জানান যে, অত্র উপজেলা বেকার প্রশিক্ষানান্তে বেকার যুব ও যুব মহিলাদের মাঝে ২০২৩-২০২৪ অর্থ বছরে ৪৯,৫০,০০০/- লক্ষ টাকা যুব ঋন বিতরনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের অংশ হিসেবে এই অর্থ বছরের বিতরণ ১৩,৩০,০০০/- টাকা। অত্র কার্যালয়ে ঋন বিতরণ কার্যক্রম শুরু থেকে ১৬৯৯ জনের মধ্যে বিভিন্ন দফায় এ পর্যন্ত ৪,৪৭,৯৭,২০০/- টাকা বিতরণ করা হয়েছে। মাঠে প্রাপ্য ৫২,৪৮,৯৬০/- টাকা, সেপ্টেম্বর/২৩ মাসে আদায় যোগ্য ২,৬৮,৬৬২/-টাকা, আদায়কৃত ২,৪৭,৪১১/- বিবেচ্য মাসে কিস্তি খেলাপী ১৫০০২/- কিস্তি খেলাপী আদায় হয়েছে =১৫০০২/- টাকা মেয়াদ উত্তীর্ণ খেলাপীর পরিমান ১৪,৯৭,৪৬০/- টাকা, মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋন আদায় হয়েছে ১৮২৩৯/- টাকা, চলমান আদায়ের হার ৯২.০৯%, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬.৫১%।</td><td>যুব ঋন বিতরণের চেয়ারম্যানদের পরামর্শ গ্রহণ করতে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা সমবায় অফিসার</td><td>তিনি জানান যে, অত্র উপজেলায় ২৭৭টি কার্যক্রম প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। সমিতির ২০২২-২০২৩ সনের অডিট কার্যক্রম চলমান রয়েছে। সেপ্টেম্বর/২৩ মাস পর্যন্ত ২৭৭ টি প্রাথমিক সমবায় সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২ সনের অডিট ফি বাবদ ৬৭৮১০/- টাকা ও ১৫% ভ্যাট বাবদ ১০১৭২/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ =৩৩৪৫৩/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।<br>সমবায় বিভাগাধীন একটি আশ্রায়ন প্রকল্প রয়েছে । যাতে ক্রমপুঞ্জিত আদায় ১৫১৯৬৪৯/- খেলাপী ১৬৪৩৫১/- টাকা রয়েছে।<br>নতুন করে এ পর্যন্ত মোট ০৩টি আশ্রাঃয়ন ০২টি সমবায় সমতি গঠিত হয়েছে যথাক্রমেঃ ০১) পোওতা নন্দারহাট আশ্রায়ন-২ সমবায় সমিতি লিঃ ০২) বেরুঞ্জ আশ্রায়ন-২ সমবায় সমিতি লিঃ ০৩)ভাভুরিয়া আশ্রায়ন-২ সমবায় সমিতি লিঃ</td><td>যথাসময়ে ১০০% অডিট সম্পাদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।<br>খেলাপী ঋন আদায়ে তৎপর হওয়া প্রয়োজন।</td><td>উপজেলা সমবায় অফিসার</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার</td><td>উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জানান যে, অত্র দপ্তরের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে, যা নিম্নে উল্লেখ করা হলোঃ
<table>
<tr><th>কাজের বিবরণ</th><th>পর্যায়</th><th>প্রকল্প সংখ্যা</th><th>বরাদ্দকৃত টাকা/খাদ্যশস্য পরিমাণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৬</td></tr>
<tr><td>গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) উপজেলা ওয়ারী নগদ অর্থ</td><td>১ম</td><td>১৮</td><td>১৭,৭০,৪৪৭/-</td><td>কাজ চলমান</td></tr>
<tr><td>গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক</td><td>১ম</td><td>২৫</td><td>৪৫,৫০,০০০/-</td><td>কাজ চলমান</td></tr>
<tr><td rowspan="3">গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলা ওয়ারী নগদ অথ</td><td rowspan="3">১ম</td><td>১৫</td><td>২৪,০৯,৯৯৩/- টাকা</td><td rowspan="3">কাজ চলমান</td></tr>
<tr><td>০৪</td><td>১৬.০৬০৮৮ মেঃটন চাল</td></tr>
<tr><td>০৪</td><td>১৬.০৬০৮৮ মেঃটন গম</td></tr>
</table>
</td><td>সভায় বিস্তরিত আলোচনান্তে বরাদ্দ অনুযায়ী যথাসময়ে প্রকল্পের কাজ আরম্ভ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার ও চেয়ারম্যান সকল ইউপি।</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক | ১ম | ২১ | ৫৪,০০,০০০/- টাকা | কাজ চলমান |
| | | ০৫ | ৬৩.০৪৯ মেঃটন চাল | কাজ চলমান |
| | | ০২ | ১৪.০০০ মেঃটন গম | |
| অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) প্রকল্প। | ১ম | ১৮ | ৪০০/- টাকা হারে ৫৩৬ জন শ্রমিক। | কাজ চলমান |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৫ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য | তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১৫৬টি নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে দ্রুত তালিকা প্রদান করার জন্য অনুরোধ কর হলো।<br>আগস্ট/২৩মাসে দুপচাঁচিয়া উপজেলায় ০৬টি ইউনিয়নে ফিল্ড কিট দ্বারা ১৪টি নলকূপের বিনামূল্যে আর্সেনিক পরীক্ষা করা হয়েছে।<br>দুপচাঁচিয়া উপজেলায় ১৫টি ওয়াশ ব্লক এর মধ্যে ০৮টি ওয়াশ ব্লক এর ৯৫% এবং ৭টি ওয়াশ ব্লক এর ৩০% কাজ সম্পূর্ণ হয়েছে।<br>ইউনিয়ন পর্যায়ে স্যানিটেশন বিষয়ে অভিহিতকরণ সভার জন্য উপজেলা পরিষদের এডিপি হতে ২.০০ লক্ষ টাকা প্রদানের জন্য অনুরোধ করা হলো।<br>১৮টি কমিউনিটি পাইপ লাইনের ২০% কাজ সম্পূর্ণ হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ০৭টি ওয়াশ ব্লক এর কাজ দ্রুত শেষ করতে অনুরোধ করা হলো। | সভাপতি ইউপি চেয়ারম্যান (সকল)<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাঁর বিভাগের কার্যক্রম প্রসংগে জানান তার বিভাগের মুখ্য কাজ ঋণ দেয়া ও ঋন আদায় করা এ প্রসংগে তিনি যে জুলাই/২৩ মাসের যে তথ্য দেন। নিম্নে তা উল্লেখ করা হলো। | পল্লী উন্নয়ন বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার করতে তাগিদ দেয়া হলো।<br>মেয়াদোত্তীর্ণ ঋণের টাকা আদায়ে উপজেলা নির্বাহী অফিসারের সহযোহিতা কামনা করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| কর্মসূচির প্রকার | চলতি মাসে বিতরণ | ২০২০-২০২৩ অর্থ বছরের ঋন | চলতি মাসে আদায় | ২০২২-২৩ অর্থ বছরের ঋন আদায় | অর্থ বছরে আদায়ের হার | মাঠে বকেয়া | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | চলতি | খেলাপী | মোট |
| | ৯ | ১০ | ২৫ | ২৮ | ২৯ | ৩৩+৩৪ | ৩৫ | ৩৬ |
| স্বল্প মেয়াদী ফসলী | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ১০০% | ০.০০ | ১.৭৭ | ১.৭৭ |
| নিজস্ব তহবিল | ০.০০ | ১৬.৯৪ | ০ | ১৮.৯৬ | ০% | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মেয়াদী সেচ যন্ত্র | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৯৯% | ০.০০ | ১.৬৪ | ১.৬৪ |
| আবর্তক কৃষি | ৬.২৩ | ২৭.০৫ | ১০.২৩ | ১৪.১৯ | ৮২% | ৬৫.৭৯ | ০.৮১ | ৬৬.৬০ |
| সদাবিক | ২৮.২৭ | ৩৪.৮৭ | ১৯.৬৭ | ২৯.৭৯ | ০% | ১০২.৫৮ | ২৪.৩৭ | ১২৬.৯৫ |
| পল্লী প্রগতি | ৩.৫০ | ৫.৩০ | ৫.৩০ | ০.৯৫ | ০% | ৩০.৬১ | ১.৪৬ | ৩২.০৭ |
| আদর্শ গ্রাম | ০.০০ | ১.৬৫ | ১.৬৫ | ০.০০ | ৯২% | ১.৬৫ | ০.০০ | ১.৬৫ |
| অসচ্ছল মুক্তিযোদ্ধা | ০.০০ | ০.০০ | ১.৮০ | ১.৮০ | ৪৯% | ৪.৩৮ | ০.৫৬ | ৫.৮৪ |
| অপ্রধান শস্য | ১০.৪৬ | ১৬.৪৬ | ৫.২৭ | ৯.৭৭ | ২৮% | ৫৮.২৮ | ০.০০ | ৫৮.২৮ |
| গুচ্ছগ্রাম | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০% | ০.০০ | ০.০০ | ৪.৫০ |
| মোট | ৪৮.৪৬ | ১০২.২৭ | ৪.৯২ | ৭৫.৪৬ | - | ২৬৩.২৯ | ৩০.৬১ | ২৯৯.৩ |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আরও জানান যে, বিআরডিবি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে বিআরডিবি'র সকল কর্মসূচির মোট মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমান ৩০.৬১ লক্ষ টাকা। তিনি মেয়াদোত্তীর্ণ ঋনের টাকা আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরও জানান যে, পল্লী ভবনের প্রশিক্ষণ হলটি সংস্কার করা প্রয়োজন। উক্ত হল রুমটি সংস্কার করে ব্যবহার উপযোগী করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>বিআরডিবি অফিসের নৈশ প্রহরী ও অফিস সহায়ক অবসর গ্রহণ করায় বর্তমানে কোন নৈশ প্রহরী না থাকায় উপজেলার নৈশ প্রহরীকে নজর রাখার জন্য অনুরোধ জানান। | | |
| ১৬ | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা | তিনি জানান যে, অত্র দুপচাঁচিয়া সামাজিক বনায়ন নার্সরী ও প্রশিক্ষণ কেন্দ্রের সরকারী কাজ স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় পরিচালন ব্যয় খাতে বরাদ্দকৃত ৫.০০ কিঃ মিঃ খাড়ি বাগান সৃজন করা হয়েছে। ৫.০০ কিঃমিঃ বাগানের স্থানীয় ৩০ জন উপকারভোগী সম্পৃক্ত করা হয়েছে। বর্তমান বাগানে রক্ষনাবেক্ষন কাজ চলমান আছে। আগামী ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলায় ১০.০০ কিঃমি বগান সৃজন করা হবে। তাছাড়ও বিক্রয় বিতরণ ও বাগানের জন্য চারা উত্তোলন করা হবে।<br>ইতেমাধ্যেই মেয়াদ উত্তীণর্ষ বাগান কর্তন/নীলামের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বগুড়া মহোদয়কে বাগানের তালিকা প্রদান করা হবে। কর্তনকৃত ২য়/৩য় আবর্তেও বাগান সৃজ করাহবে। এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করছি। এ ব্যাপারে কর্তনকৃত বগান সমূহের লভ্যাংশ উপকারভোগী সদস্যসহ বাগান সংশ্লিষ্টদের মাঝে বিতরণের জন্য আবেদন পত্র প্রেরণ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপকার ভোগীদের মাঝে লভ্যাংশের চেক দ্রুততম সময়ের মধ্যে পরিশোধের কার্যক্রম গ্রহণ করতে অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা |
| ১৭ | নির্বাহী প্রকৌশলী নেসকো লিঃ | তিনি জানান তার বিভাগের কার্যক্রমে স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিভিন্ন মসজিদ ও মন্দিরের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা পরিষদের কিছু বাসাবাড়িতে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়নের জনপ্রতিনিধিদের নিয়ে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে বিষয়ে সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহিত হলো। | নির্বাহী প্রকৌশলী নেসকো লিঃ এবং সংশ্লিষ্ট সকল |
| ১৮ | ডিজিএম দুপচাঁচিয়া | বগুড়া পবিস -১ এর আওতায় দুপচাঁচিয়া জোনাল অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র জোনাল অফিসের অর্ন্তভুক্ত উপজেলা ০২টি দুপচাঁচিয়া ও আদমদিঘী লাইনের পরিমান ১২৭১ কিঃমিঃ এবং নতুন সংযোগ ৫৮ জন ক্রমপুঞ্জিত গ্রামক সংযোগ ৬২৭৪৮ জন।<br>সরকারী সম্পদের অপচয় ও দন্ডনীয় অপরাধ। এবিষয় প্রতিরোধে সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।<br>বর্তমানে দুস্কৃতিকারী চক্র কর্তৃক মিটার ও ট্রান্সফরমার চুরি প্রবনথা বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিশেষ সহযোগীতা কামনা করা হলো। | মিটার ও ট্রান্সফরমার চুরির বিষয়ে সকলকে সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ করা হলো। | ডিজিএম দপচাঁচিয়া |

<table>
<tr><th>ক্র নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১৯</td><td>ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>তিনি জানান তার অফিসের নিম্নরূপ কার্যক্রম বর্ণনা করেনঃ<br>সমিতির সংখ্যাঃ ১৪২ টি, সদস্য অন্তর্ভূক্তিঃ ৬৬৮৯ জন, অনলাইনে এন্ট্রি হয়েছেঃ ৬৬৮৯ জন<br>মোট ক্রমপুঞ্জিত সঞ্চয় ঃ ৪৩০.৩৭ টাকা।<br>মোট ক্রমপুঞ্জিত ঋন বিতরণঃ ৪৯৩৯.২৮ লক্ষ টাকা, মোট ক্রমপুঞ্জিত ঋন আদায় ঃ ৩৯৫৫.৫৮ লক্ষ টাকা, মোট ক্রমপুঞ্জিত প্রকল্প সংখ্যাঃ ২৬৮২৬ জন<br><br>.সম্পদ বিতরণঃ টাকার পরিমান<br>১. গরু বিতরণ ঃ ১০০টি -১০০ জন ২০.০০<br>২. ঢেউটিন বিতরণ ১০০ বান্ডিল -৪৪জন ৪.৪০<br>৩. হাঁস-মুরগী বিতরণ -৩০ জন ১.৫০<br>৪. চারাগাছ বিতরন -৯০ জন .৯০<br>৫. সবজি বীজ বিতরণ ১২০ জন ১.২০<br>মোট=৩৫৪ জন ২৮.০০ লক্ষ টাকা<br>বিতরণকৃত সম্পদ হতে আদায় ঃ ৯.১৫ লক্ষ টাকা, সমিতির শেয়ার আদায় ঃ ১.০৪<br>উপজেলার মোট তহবিল ১৪৮৭.৬৩ লক্ষ টাকা।</td><td>ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংককে ঋন বিতরণ ও ঋন আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে অনুরোধ করা হলো।</td><td>ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক</td></tr>
<tr><td>২০</td><td>তথ্য সেবা কর্মকর্তা তথ্য কেন্দ্র</td><td>ক) দপ্তরের চলমান উন্নয়ন কার্যক্রমঃ<br>তথ্যকেন্দ্র দুপচাঁচিয়া অফিসের ডোর টু ডোর ও তথ্যকেন্দ্রের সেবা কার্যক্রম চলমান আছে এবং উঠান বৈঠক সাময়িকভাবে বন্ধ আছে।<br>তথ্যকেন্দ্র প্রদত্ত সেবাঃ<br>তথ্যকেন্দ্রে আগত ৩১ জন সেবাগ্রহীতাদের সেবা প্রদান করা হয়েছে।<br>ডোর টু ডোর কার্যক্রমের আওতায়<br>
<table>
<tr><th>ক্রমিক নং০৪</th><th>ইউনিয়নের নামঃ</th><th>গ্রামের নামঃ</th><th>সেবাগ্রহীতার সংখ্যাঃ</th></tr>
<tr><td rowspan="3">০১</td><td rowspan="3">চামরুল</td><td>পোড়াদহ</td><td>২৪জন</td></tr>
<tr><td>সদুপাড়া, পোড়াদহ।</td><td>৭২জন</td></tr>
<tr><td>বেলহালী, আটগ্রাম।</td><td>৫৮জন</td></tr>
<tr><td rowspan="5">০২</td><td rowspan="5">গুনাহার</td><td>মধ্যপাড়া, পোওঁতা।</td><td>১১জন</td></tr>
<tr><td>হোটকরমজি।</td><td>৬৬ জন</td></tr>
<tr><td>দামকুড়ি।</td><td>৫৫ জন</td></tr>
<tr><td>পোওঁতা।</td><td>৬৮ জন</td></tr>
<tr><td>উত্তরপাড়া, পোওঁতা।</td><td>৮৮ জন</td></tr>
<tr><td rowspan="3">০৩</td><td rowspan="3">দুপচাঁচিয়াসদর</td><td>দক্ষিণপাড়া, তিয়শহর।</td><td>৪৮ জন</td></tr>
<tr><td>তিয়শহর।</td><td>১১৪ জন</td></tr>
<tr><td>তেতুলিয়া।</td><td>৭৩ জন</td></tr>
<tr><td rowspan="2">০৪</td><td rowspan="2">তালোড়া</td><td>দেবরাশনআদর্শগ্রাম।</td><td>৩০জন</td></tr>
<tr><td>তালোড়াবাজার।</td><td>৫২ জন</td></tr>
<tr><td colspan="4">মোট ডোর টুডোর সেবা গ্রহীতার সংখ্যা = ৭৫৯জন</td></tr>
</table>
এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।</td><td>উঠান বৈঠকে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>সভাপতি ও তথ্য সেবা কর্মকর্তা তথ্য কেন্দ্র</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২১ | চেয়ারম্যান সদর ইউ পি | তিনি জানান যে, সদর ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। দুপচাঁচিয়া সদর ইউনিয়ন পরিষদের ভবন না থাকায় বসার সমস্যা হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্দ্যোগ গ্রহণ করার অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় উদ্দ্যোগ গ্রহণ করা যেতে পারে। | চেয়ারম্যান সদর ইউ পি |
| ২২ | চেয়ারম্যান চামরুল ইউপি | তিনি জানান চামরুল ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>হরিনগাড়ী উত্তর সাজাপুর রাস্তা, কয়াগাড়ী রাস্তা, আটগ্রাম পোড়াদহ রাস্তার মাঝে মাঝে ফাঁকা রয়েছে। উক্ত ফাকা রাস্তাগুলো সংস্কার করার জন্য এমপি মহোদয়ের প্রতিনিধির সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br>বেরুঞ্জ এলাকাসহ সকল গুচ্ছগ্রামে ঋন কার্যক্রম বাড়ানোর পদক্ষেপ নিতে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলেচনান্তে উক্ত ফাকা রাস্তাগুলো সংস্কার করার জন্য এমপি মহোদয়ের প্রতিনিধির সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো। | চেয়ারম্যান দুপচাঁচিয়া চামরুল ইউপি |
| ২৩ | চেয়ারম্যান জিয়ানগর ইউপি | তিনি জানান যে, জিয়ানগর ইউনিয়ন পরিষদে গাইড ওয়াল নির্মানে উপজেলা প্রকৌশলীর সদয় দৃস্টি আকর্ষণ করেন।<br>জিয়ানগর ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনে সাবেক চেয়ারম্যান লবনের বস্তা রাখছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার দাবি জানান।<br>হাট বাজারের আবর্জনা নিষ্কাশনের জন্য প্রকল্প দাখিল করার প্রস্তাব করেন।<br>ইউপি এলাকার উন্নয়নে এডিপি'র কাজ উদ্বোধনে সময় সময় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অন্তর্ভুক্ত করার দাবি জানান।<br>জিয়ানগর ইউপি মেরামত করার বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃস্টি আকর্ষণ করা হলো। | জিয়ানগর ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনে সাবেক চেয়ারম্যানের লবনের বস্তা অপসারণের প্রয়োজনীয় উদ্দ্যোগ গ্রহণ করতে অনুরোধ করা হলো।<br>সংশ্লিষ্ট ইউপির উন্নয়নে এডিপি'র কাজ উদ্বোধনের সময় ইউপি চেয়ারম্যানদের অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হলো। | চেয়ারম্যান জিয়ানগর ইউপি ও উপজেলা প্রকৌশলী |
| ২৪ | চেয়ারম্যান গোবিন্দপুর ইউপি | তিনি জানান যে, গোবিন্দপুর ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>গরীব ও দুঃখীদের ভিজিএফ/ভিজিডি এর চাল ভালো মানের দেয়ার জন্য অনুরোধ জানান।<br>আমষট্ট হাটকে ইজারা দেয়ার জন্য অনুরোধ জানান।<br>ভিজিটি চাল বিক্রয়ের সাথে একটি প্রভাবশালী মহল জড়িত আছে। এটি বন্ধে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে গরীব ও দুঃখীদের ভিজিএফ/ভিজিডি এর চাল ভালো মানের দেয়ার জন্য দেয়ার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | ইউএন ও গোবিন্দপুর ইউপি |
| ২৫ | চেয়ারম্যান গুণাহার ইউপি | তিনি জানান যে, গুণাহার ইউপি'র কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।<br>গুনাহার ইউনিয়নে কিছু তালগাছ স্প্রে করে মারা হচ্ছে। এ বিষয়টি খতিয়ে দেখার জন্য অনুরোধ জানান।<br>গুণাহার ইউপি মেরামতের ১০.০০ লক্ষ টাকার চাহিদা দেয়া হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্দ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | গুনাহার ইউনিয়নে কিছু তালগাছ স্প্রে করে মারার বিষয়টি খতিয়ে দেখার জন্য ভারপ্রাপ্ত বন কর্মকর্তাকে অুনরোধ করা হলো। | চেয়ারম্যান গুণাহার ইউপি ও ভারপ্রাপ্ত বন কর্মকর্তা |
| ২৬ | চেয়ারম্যান তালোড়া ইউপি | তিনি জানান যে, তালোড়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>ছাত্ররা শিক্ষককে মারবে এটি শোভনীয় নয়। উল্লেখিত ঘটনার তিব্র প্রতিবাদ ও নিন্দা জানান<br>খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ডিলারদের সঠিকভাবে দায়িত্ব পালনের বিষয়ে তাগিদ দেয়ার জন্য অনুরোধ জানান। | খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ডিলারদের সঠিকভাবে দায়িত্ব পালনের বিষয়টি সঠিকভাবে তদারকি করতে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান তালোড়া ইউপি সংশ্লিষ্ট ট্যাগ অফিসার |

| ক্রম | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৭ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | তিনি জানান যে, আমাকে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা হতে গত ০২ জুন ২০২২ তারিখে ৪৬.০০.০০০০.০৪৬.০২৭.৬৭. ২০১৫-১১৭ নং স্মারকে সাময়িক বরখাস্ত করেন। উক্ত সাময়িক বরখাস্তের আদেশটি স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা হতে ২৭ আগস্ট ২০২৩ তারিখে ৪৬.০০.০০০০.০৪৬.০২৭.৬৭.২০১৫-৪৫৯ নং স্মারকে প্রত্যাহার করেন। উল্লেখিত নির্দেশনার আলোকে আলোকে আমি অদ্য ০৪/০৯/২০২৩ তারিখে উপজেলা পরিষদে পুনরায় যোগদান করেন । আমার রেজিস্টার ও নথি পর্যালোচনা করে দেখা যায় জানুয়ারি/২০২২ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত অথ্যাৎ =২১ মাসের বকেয়া মাসিক সম্মানি ভাতা পাওনা আছি। আমার বকেয়া সম্মানী ভাতার পরিমান (২৭০০০ X ২১) =৫,৬৭,০০০/- (পাঁচ লক্ষ সাতষট্টি হাজার টাকা মাত্র। তিনি বকেয়া সম্মানী ভাতা পাওয়ার প্রস্তাব করেন।<br>উপজেলা পরিষদ ক্যাম্পাসের বাসার ছাদগুলোতে বাগান সৃজন করা হচ্ছে এতে ছাদগুলো ড্যামেজ ও নস্ট হয়ে যাচ্ছে এবং বাসাগুলোতে ছাদ চুয়ে চুয়ে পানি পড়ছে। এ বিষয়ে ছাদ বাগান বন্ধের প্রয়োজনীয় ব্যবস্তা গ্রহণ করতে অনুরোধ করেন।<br>উপজেলা নারী উন্নয়ন ফোরামের গঠিত কমিটিকে অত্র সভায় অনুমোদনের প্রস্তাব করেন। যা পরিশিষ্ট খ তে ০৩ নং ক্রমিকে দেখানো হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের জানুয়ারি/২০২২ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত অথ্যাৎ =২১ মাসের বকেয়া মাসিক সম্মানি ভাতা পরিমান (২৭০০০ X ২১)=৫,৬৭,০০০/- (পাঁচ লক্ষ সাতষট্টি হাজার) দেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। উল্লেখ্য যে, তাঁকে ৫,৬৭,০০০/- (পাঁচ লক্ষ সাতষট্টি হাজার) ০২(দুই) কিস্তিতে পরিশোধে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে ছাদ বাগান বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>পরিশিষ্ট খ তে ০৩ নং ক্রমিকে উপজেলা নারী উন্নয়ন ফোরামের গঠিত কমিটিকে সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হলো। | সভাপতি উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা প্রকৌশলী |
| ২৮ | উপজেলা ভাইস চেয়ারম্যান | তিনি উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা কমিটির সভার নিয়মিত আহ্বানের জন্য অফিসারদেরকে অনুরোধ জানান।<br>জনপ্রতিনিধি এবং অফিসারগণ সমন্বয় করে কাজ করার আহ্বান জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা কমিটির সভার নিয়মিত আহ্বানের জন্য অফিসারদেরকে অনুরোধ করা হলো। | উপজেলা ভাইস চেয়ারম্যান |
| ২৯ | বিবিধ ব্যয় | **আলোচনাঃ ০১**<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত ০১জন মালী জনাব মোঃ ফেরদৌস হোসেন এর সেপ্টেম্বর/২৩ মাসের মজুরী বিল =১৬৫০০/- (ষোল হাজার পাচশত) টাকা ও ০১ জন পরিচ্ছিন্ন কর্মী জনাব নিপেন বাঁশফোর এর সেপ্টেম্বর/২৩ মাসের মজুরী বিল ও শারদীয় দূর্গা উৎসব ভাতা=৩৩০০০/- (তেত্রিশ হাজার) টাকা। সভাপতি উক্ত মজুরী বিল ও শারদীয় দূর্গা উৎসব ভাতা পরিশোধের প্রস্তাব করেন।<br>**আলোচনাঃ ০২**<br>সভাপতি আরও জানান যে, চেয়ারম্যান উপজেলা পরিষদ দুপচাঁচিয়া এর জীপগাড়ী নং বগুড়া ঘ-১১-০০৭১ এর গাড়ীর চালক জনাব মোঃ এমরান খান ২০/০৯/২০২৩ তারিখে উক্ত গাড়িটি মেরামত বাবদ =২৫০০০/- (চব্বিশ হাজার আটশত) টাকা ব্যয় করেছেন উল্লেখিত মেরামত বিল উপজেলা পষিদের রাজস্ব তহবিল হতে মেটানার প্রস্তাব করেন। | **সিদ্ধান্ত-০১**<br>উপজেলা পরিষদের দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত ০১জন মালী জনাব মোঃ ফেরদৌস হোসেন এর সেপ্টেম্বর/২৩ মাসের মজুরী বিল =১৭০৫০/- (সতের হাজার পঞ্চাশ) টাকা ও ০১ জন পরিচ্ছিন্ন কর্মী জনাব নিপেন বাঁশফোর এর সেপ্টেম্বর/২৩ মাসের মজুরী বিল ও শারদীয় দূর্গা উৎসব ভাতা=৩৩০০০/- (তেত্রিশ হাজার) টাকা) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হলো।<br>**সিদ্ধান্ত-০২**<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ দুপচাঁচিয়া এর জীপগাড়ী নং বগুড়া ঘ | সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এবং সদস্য (সকল) |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td><u>আলোচনাঃ ০৩</u><br>তিনি আরও জানান যে, চেয়ারম্যান উপজেলা পরিষদ দুপচাঁচিয়া, জীপগাড়ী নং বগুড়া ঘ-১১-০০৭১ নং জীপগাড়ীর জ্বালানী বাবদ ব্যয় জুলাই/২৩=২৪৭৪৪/-, আগস্ট/২৩=২৪৭৯৫/, আস্ট/২৩=২৪৭৯৫/- সর্বমোট =৭৪২৯৬/- টাকা ব্যয় হয়েছে। উল্লেখিত বিল অনুমোদনের প্রস্তাব করেন।</td><td>১১-০০৭১ এর গাড়ী চালক জনাব মোঃ এমরান খান কর্তৃক দাখিলকৃত গাড়িটির মেরামত বাবদ =২৫০০০/- (পচিশ হাজার) টাকা টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হলো।<br><u>সিদ্ধান্ত-০৩</u><br>সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান উপজেলা পরিষদ দুপচাঁচিয়া, জীপগাড়ী নং বগুড়া ঘ-১১-০০৭১ নং জীপগাড়ীর জ্বালানী বাবদ ব্যয় আগস্ট/২৩=২৪৭৪৪/-, আগস্ট/২৩= ২৪৭৯৫/, আগস্ট/২৩=২৪৭৯৫/- সর্বমোট =৭৪২৯৬/- টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হলো।</td><td></td></tr>
<tr><td>৩০</td><td>রক্ষণাবেক্ষণ ও রাজস্ব ব্যয় অনুমোদন প্রসংগে</td><td>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান উপজেলা পরিষদ কার্যালয়ের দৈনন্দিন ও অন্যান্য কাঁযাবলী পরিচালনা জন্য আগস্ট/২৩ মাসের ২১/০৮/২০২৩ হতে সেপ্টেম্বর/২৩ মাসের ২৬/০৯/২০২৩ তারিখ পর্যন্ত নিম্নরুপ ব্যয় অনুমোদনের জন্য উপস্থাপন/পেশ করা হলোঃ-<br>আগস্ট/২৩ মাসের ২১/০৮/২০২৩ হতে সেপ্টেম্বর/২৩ মাসের ২৬/০৯/২০২৩ তারিখ পর্যন্ত ব্যয়ঃ<br><table><tr><th>ক্রঃ নং</th><th>বিবরণ</th><th>টাকার পরিমান</th></tr><tr><td>১</td><td>সেপ্টেম্বর/২৩ মাসের আপ্যায়ন বিল</td><td>৩০,০০০/-</td></tr><tr><td>২</td><td>সেপ্টেম্বর/২৩ মাসের আনুষাঙ্গিক বিল</td><td>৫,০০০/-</td></tr><tr><td>৩</td><td>উপজেলা হিসাবরক্ষণ অফিস মেরামত/রংকরণ</td><td>১৯০০০/-</td></tr><tr><td>৪</td><td>উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কক্ষে ১৪টি পর্দা ক্রয় ও চেয়ার ক্রয়</td><td>২৪৪০০/-</td></tr><tr><td>৫</td><td>জাতীয় স্থানীয় সরকার দিবস</td><td>২৪৯০০/-</td></tr><tr><td colspan="2">মোট</td><td>১,০৩,৩০০/-</td></tr></table></td><td>সভায় উপজেলার রাজস্ব আগস্ট/২৩ মাসের ২১/০৮/২০২৩ হতে সেপ্টেম্বর/২৩ মাসের ২৬/০৯/২০২৩ তারিখ পর্যন্ত =১,০৩,৩০০/- (এক লক্ষ তিন হাজার তিনশত) টাকা মাত্র অনুমোদন প্রসংগে বিস্তারিত আলোচনা করা হয়।<br>উক্ত রক্ষণাবেক্ষণ ও রাজস্ব ব্যয় যুক্তিযুক্ত ও যথাযথ হওয়ায় সভায় উপস্থিত সদস্যগণ উক্ত ব্যয় অনুমোদনে সম্মতি প্রদান করেন।<br>উক্ত ব্যয় ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করতে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>৩১</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td><td>তিনি জানান যে, সকল অফিসার ও জনপ্রতিনিধিদের সমন্বয় করে কাজ করার আহ্বান জানান।<br>তিনি আরও জানান যে, জন্ম নিবন্ধনের অনিয়মের বিষয়ে জিয়ানগর ইউপি চেয়ারম্যান এবং সচিব কে শোকজ করা হয়েছে। এছাড়াও উর্দ্ধতন কর্তৃপক্ষকে তাদের অনিয়মের বিষয়টি অবহিত করা হয়েছে। তিনি বাল্য বিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন বন্ধে সকল জনপ্রতিনিধিকে তথ্য দিয়ে সহযোগীতা করতে অনুরোধ জানান। দ্রব্য মূল্যের দাম নিয়ন্ত্রনে রাখতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে অত্র বাল্য বিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন বন্ধে সকল জনপ্রতিনিধিকে তথ্য দিয়ে সহযোগীতা করতে অনুরোধ করা হলো।<br>দ্রব্য মূল্যের দাম নিয়ন্ত্রনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা নির্বাহী অফিসার এবং সদস্য (সকল)</td></tr>
</table>

সভাপতি জানান যে, দুপচাঁচিয়া উপজেলা ক্যাম্পাসে ছাদ বাগান অপসারণের ব্যবস্থা নেয়ার কথা ব্যক্ত করেন। প্রত্যেক বিভাগীয় প্রধানকে তার স্ব-স্ব বিভাগীয় কাজের অগ্রগতি প্রতিবেদনসহ সভায় যথাসময়ে উপস্থিত থাকতে অনুরোধ করেন এবং ইউপি চেয়ারম্যানগনকে সংশ্লিষ্ট ইউপি উন্নয়নমূলক কাজের অগ্রগতি ও প্রকল্প বাস্তবায়নে তথ্যাদি সহ সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হয়। এছাড়া অত্র উপজেলার উন্নয়নে সবাইকে মিলেমিশে একসাথে কাজ করার পরামর্শ প্রদান করেন।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

24/09/23

(মোঃ ফজলুল হক প্রামানিক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
এবং
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
দুপচাঁচিয়া,বগুড়া।
দূরভাষঃ ০৫০২৪-৫১০১৯।

উপজেলা পরিষদ কার্যালয়
দুপচাঁচিয়া, বগুড়া।
www.dupchanchia.bogra.gov.bd

স্মারক সংখ্যা ঃ ০৫.৫০.১০৩৩.০০০.১৭.০১৫.২০২৩- ৪১(৪৫)

তারিখঃ ২৬/০৯/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, বগুড়া।
৪। ভাইস-চেয়ারম্যান/ভাইস -চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।
৫। মেয়র, দুপচাঁচিয়া/তালোড়া পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
৬। উপজেলা ................................................ কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া।
৭। চেয়ারম্যান................................................ ইউপি (সকল), দুপচাঁচিয়া, বগুড়া।
৮। জনাব ................................................ দুপচাঁচিয়া, বগুড়া।

২৬/০৯/২৩

(মোঃ সুমন জিহাদী)
উপজেলা নির্বাহী অফিসার
দুপচাঁচিয়া, বগুড়া।
ফোনঃ ০৫০২৪৫১০০১।
E-mail-unodupchanchia@ mopa.gov.bd

# পরিশিষ্ট "ক"

জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়ঃ

০১। ২৬/০৯/২০২৩ খ্রিঃ তারিখে উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

| ক্রঃ নং | নাম ও পদবী |
|---|---|
| ১ | মোঃ ফজলুল হক প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২ | মোঃ সুমন জিহাদী, উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৩ | মোঃ আহম্মেদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৪ | মাহবুবা নাসরিন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৫ | মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, জিয়ানগর ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৬ | মোঃ মোয়াজ্জেম হোসেন, চেয়ারম্যান সদর ইউ পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৭ | মোঃ সাখাওয়াত হোসেন মল্লিক, চেয়ারম্যান, গোবিন্দপুর ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া । |
| ৮ | মোঃ মেহেরুল ইসলাম, চেয়ারম্যান, তালোড়া পি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৯ | ডাঃ মোছাঃ শামসুন্নাহার, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১০ | মোঃ সাজেদুল আলম, উপজেলা কৃষি অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১১ | মোঃ রুবেল হোসেন, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১২ | মোঃ মকছেদ আলী প্রামানিক, উপজেলা মৎস্য অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৩ | মোঃ আল মামুন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া । |
| ১৪ | এইচ.এম. আশরাফুল আরেফীন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া । |
| ১৫ | আবু ফিরোজ শাহ্, উপজেলা সমাজ সেবা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৬ | মোঃ মোয়াজ্জেম হোসেন, উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৭ | মোঃ জাকারিয়া হোসেন, উপজেলা পঃ পঃ অফিসার, দুপচাঁচিয়া,বগুড়া। |
| ১৮ | মোঃ রুহুল কুদ্দুস তালুকদার, উপজেলা যুব উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া,বগুড়া। |
| ১৯ | মোঃ শরিফ আহম্মেদ, উপজেলা শিক্ষা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া । |
| ২০ | মোছাঃ রোকেয়া সুলতানা, উপজেলা সমবায় অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২১ | মুসহাক আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২২ | মোছাঃ রেবেকা সিদ্দিকা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৩ | মোছাঃ খালেদা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৪ | এ,টি,এম আক্তারুজ্জামান ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৫ | দ্বিপক কুন্ডু, উপজেলা সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২৬ | রুহানী আকতার, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দুপচাঁচিয়া, বগুড়া। |

২। উপস্থিত প্রতিনিধি বৃন্দঃ **এস এম সহিদ, মাননীয় জাতীয় সংসদ সদস্য এঁর প্রতিনিধি**

০৩। অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমোদিত)ঃ মোঃ জাহাঙ্গীর আলম, মেয়র, দুপচাঁচিয়া পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ আব্দুল জলিল খন্দকার, মেয়র তালোড়া পৌরসভা
মোঃ শাহজাহান আলী, চেয়ারম্যন, চামরুল ইউপি, দুপচাঁচিয়, বগুড়া।
নুর মোহাম্মদ, চেয়ারম্যান, গুনাহার ইউ, পি, দুপচাঁচিয়া, বগুড়া।
চেয়ারম্যান, ইউসিসিএ লিঃ, দপচাঁচিয়া, বগুড়া।
উপজেলা প্রাণী সম্পদ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ লিটন মিয়া, উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ হারুনুর রশীদ সরকার, উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, দুপচাঁচিয়া, বগুড়া।
দেবাশীষ রায়, সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর, বগুড়া।
প্রশাসক, উপজেলা কমান্ড কাউন্সিল, দুপচাঁচিয়া, বগুড়া।
মোঃ মোসাদ্দেক হোসেন, নির্বাহী প্রকৌশলী, নেসকো লিঃ, দুপচাঁচিয়া।
মোঃ গোলাম রব্বানী, এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, দুপচাঁচিয়া, বগুড়া।
মনোরঞ্জন কুমার কুন্ড, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া।

০৪। অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমতি ব্যতিত)ঃ